**বার্ষিক সাধারণ সভা-২০২৩**
এনবিপিএম হাই স্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন
১০ মার্চ-২০২৩
স্থানঃ বিসিআইসি অডিটোরিয়াম, ৩০- দিলকুশা, ঢাকা-১০০০।

এনবিপিএম হাই স্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করেন এডহক কমিটির সম্মানিত আহবায়ক জনাব মোঃ আমিন উল আহসান কামাল (১৯৮৩ ব্যাচ)।

আলোচ্যসূচি:

১. গত ১ বছরে অ্যালামনাই অ্যাসোসিয়েশন কর্তৃক গৃহিত ও সম্পাদিত কার্যক্রম উপস্থাপন।
২. বার্ষিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন ।
৩.গঠনতন্ত্রের সংশোধনী উপস্থাপন ও অনুমোদন।
৪. অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর পূর্ণাঙ্গ কমিটি নির্বাচন।
৫. বিবিধ ।

সম্মানিত সভাপতির অনুমতিক্রমে সভাটি সঞ্চালনা করেন জনাব আবুল বাশার নান্নু (ব্যাচ ১৯৯১), সভার শুরুতেই সম্মানিত সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন। অ্যালামনাই অ্যাসোসিয়েশন গঠনের প্রেক্ষাপট এবং এর লক্ষ্য ও উদ্দেশ্য, সুবর্ণ জয়ন্তী উৎসব আয়োজনের সার্বিক বিষয় সমূহের বিশ্লেষণ, এর সফলতা ও ব্যর্থতার জায়গাগুলো উল্লেখপূর্বক আগামী দিনের পথচলার বিষয়সমূহের উপর তিনি দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

এর পর উপস্থিত সদস্যদের মধ্যে সর্বজনাব বখতিয়ার খলজি (১৯৭৯ ব্যাচ), নাজমুল আহসান হেলাল (১৯৭৯ ব্যাচ), ডা: ওমর গুল আজাদ সেতু (১৯৭৯ ব্যাচ), সৈয়দ মোস্তফা জাবেদ খালেদ (১৯৮২ ব্যাচ), আব্দুল কাইয়ুম লেবু (১৯৮৩ ব্যাচ), আশরাফ হোসেন (১৯৮৩ ব্যাচ), মুজিবুল হক পিন্টু (১৯৮৪ ব্যাচ), সাইফুজ্জামান পিন্টু চেয়ারম্যান (১৯৮৫ ব্যাচ), আকতার আহমেদ বিপ্লব (১৯৮৬ ব্যাচ), মোস্তাফিজুর রহমান ছবি (১৯৮৭ ব্যাচ), ড. মো. আব্দুর রাজ্জাক (১৯৯০ ব্যাচ) প্রমুখ তাঁদের অনুভূতি ব্যক্ত করেন এবং আগামী দিনে অ্যালামনাইকে কিভাবে দেখতে চান সেই প্রত্যাশা ব্যক্ত করেন।

৯৫ জন সদস্যের উপস্থিতিতে আলোচ্যসূচিতে উল্লেখিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহন করা হয় ।

| আলোচনার বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|
| ১. গত ১ বছরে অ্যালামনাই অ্যাসোসিয়েশন কর্তৃক গৃহিত ও সম্পাদিত কার্যক্রম উপস্থাপন | গত ১ বছর অ্যালামনাই অ্যাসোসিয়েশন এডহক কমিটি যে সকল কার্যক্রম সম্পন্ন করেছে এবং যা চলমান রয়েছে তা সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করেন , সংগঠনের ভারপ্রাপ্ত সদস্য সচিব জনাব আনিসুর রহমান আনিস (১৯৯১ ব্যাচ)। কার্যক্রম সমূহঃ<br><br>১. অ্যাসোসিয়েশনের একটি গঠনতন্ত্র প্রস্তুত করা।<br>২. অ্যাসোসিয়েশন কর্তৃক হাইস্কুলের ওয়েবসাইট তৈরী করা।<br>৩. একটি অনলাইন পোর্টালের মাধ্যমে ১৯৪৭ জন প্রাক্তন ছাত্র-ছাত্রীকে অ্যাসোসিয়েশনের অ্যালামনাই হিসাবে সদস্যভুক্তি নিশ্চিত করা ও তাঁদের ডিজিটাল ডেটাবেজ প্রস্তুত করা।<br>৪. সুবর্ণজয়ন্তী উৎসব উপলক্ষে একটি স্যুভেনিয়র ও অ্যালামনাই সদস্যদের ছবি সম্বলিত টেলিফোন ডাইরেক্টরী প্রকাশ করা।<br>৫. অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নিজস্ব ব্যাংক একাউন্ট খোলা ও এর মাধ্যমে আর্থিক কার্যক্রম পরিচালনা করা।<br>৬. স্কুলের বর্তমান মেধাবী ও দরিদ্র ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে ০৬ জনকে বার্ষিক ৬ হাজার টাকা করে বৃত্তি প্রদান এবং বিশ্ববিদ্যালয় ও কলেজ পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য অনুরূপ বৃত্তির ব্যবস্থা গ্রহণ করা।<br>৭. স্কুলের অবকাঠামো উন্নয়নকল্পে আর্থিক অনুদান প্রদান করা।<br>৮. এক বছরের মধ্যে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের একটি পূর্ণাঙ্গ কমিটি গঠণের কার্যক্রম গ্রহণ । |

| | |
|---|---|
| | ৯.সমাজসেবা অধিদফতর থেকে রেজিঃ প্রক্রিয়ার যথেষ্ট অগ্রগতি সম্পন্ন করা।<br>১০. এনবিপিএম হাইস্কুলের ৫০ তম বছর পূর্তি উপলক্ষে দুই দিনব্যাপী স্কুলের সুবর্ণজয়ন্তী ও প্রাক্তনীদের মহামিলন মেলা উদযাপন করা<br><br>উপস্থিত সকল সদস্য করতালির মাধ্যমে সফল আয়োজনের ভূয়সী প্রসংশা করেন। |
| ২. বার্ষিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন | গত ১ বছর এডহক কমিটির অধীন সংগঠনের আয় ও ব্যয় বিবরণী উপস্থাপন করেন এডহক কমিটির কোষাধক্ষ্য জনাব মোঃ রোকনুজ্জামান রুবেল (১৯৯১ ব্যাচ) । তিনি আয়ের উৎসসমূহ এবং ব্যয়ের সকল খাতসমূহ বিস্তারিত উল্লেখ করেন ।<br><br>মোট আয়ঃ ৫৩,৮৭,৪৪৮/=<br><br>মোট ব্যয়ঃ ৫৩,১৬,৭৩৯/=<br><br>বর্তমান স্থিতিঃ ৭০,৭৩৯/=<br><br>উপস্থিত সকল সদস্য সর্বসম্মতিক্রমে আয়-ব্যয়ের হিসাব বিবরণীর অনুমোদন প্রদান করেন। |
| ৩. গঠনতন্ত্রের সংশোধনী উপস্থাপন ও অনুমোদন | সন্মানিত সভাপতির অনুমোদনক্রমে রেজিস্ট্রেশন কমিটির চেয়ার ড. মো. আব্দুর রাজ্জাক (১৯৯০ ব্যাচ) এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর গঠনতন্ত্রে কিছু সংখ্যা, সময় ও শব্দগত বিষয়ে সংশোধনী আনার প্রস্তাব উপস্থাপন করেন-<br><br>১. ভোট প্রদান ও নির্বাচনে প্রার্থীতা বা প্রতিদ্বন্দীতার জন্য সদস্য পদ নবায়ন নির্বাচনের তারিখ হতে ১ মাস আগে নির্ধারন করা, যা পূর্বে ৬ মাস নির্ধারন করা ছিল।<br>২. বিভিন্ন সম্পাদকীয় পদে সচিব শব্দের পরিবর্তে সম্পাদক শব্দ ব্যবহার করা<br>৩. কোষাধক্ষ্যের হাতে নগদ (ক্যাশ ) টাকা সর্বোচ্চ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা মজুদ থাকতে পারবে, পূর্বে এই সীমা ছিল ১০,০০০.০০ (দশ হাজার টাকা)<br><br>উপরোক্ত প্রস্তাবসমূহ উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং সংশোধিত গঠনতন্ত্র অনতিবিলম্বে ওয়েব সাইটে প্রকাশের মাধ্যমে সকলের জন্য অবারিত প্রাপ্যতা নিশ্চিতের পরামর্শ প্রদান করা হয়। |
| ৪. অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর পূর্ণাঙ্গ কমিটি গঠন। | বার্ষিক সাধারণ সভার দ্বিতীয় ভাগে এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন নতুন পূর্নাঙ্গ কমিটি গঠনের পক্ষে প্রাক্তনীগন মতামত প্রদান করেন ।<br><br>সভাপতি হিসাবে নতুন নাম প্রস্তাব আহবান করা হয়। নতুন সভাপতি হিসাবে জনাব মো: আমিন উল আহসান কামাল (১৯৮৩ ব্যাচ) এর নাম প্রস্তাব করেন ড. মো. আব্দুর রাজ্জাক (১৯৯০ ব্যাচ) এবং তা সমর্থন করেন জনাব মিঞা মোহাম্মদ মাহফুজুল করিম (১৯৯৪ ব্যাচ)।<br>আহবানকারী হিসাবে জনাব আবুল বাশার উপস্থিত সকল সদস্যদের কাছে প্রস্তাবটি ভোটে প্রদান করেন। হাউজ সর্বসম্মতভাবে তুমুল করতালির মাধ্যমে প্রস্তাবটি পাশ করেন এবং আগামী ৩ বছরের জন্য এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর নতুন সভাপতি হিসাবে জনাব আমিন উল আহসান কামাল নির্বাচিত হন।<br><br>সদস্যগণ আলোচনাক্রমে একটি পূর্ণাঙ্গ কমিটি উপস্থাপনের জন্য সভাপতিকে অনুরোধ করে। সভাপতি উপস্থিত সদসগণের সাথে উন্মুক্ত আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে পূর্ণাঙ্গ কমিটির প্রতিটি পদের নাম ঘোষণা করেন এবং হাউজের কাছে কণ্ঠভোট আহবান করেন । এভাবে সকল পদ সর্বসম্মতভাবে নির্বাচিত হয় এবং এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর পূর্ণাঙ্গ কমিটি ২০২৩ গঠিত হয়। |

সর্বসম্মতভাবে নির্বাচিত হয় এবং এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর পূর্ণাঙ্গ কমিটি ২০২৩ গঠিত হয়।

এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর পূর্ণাঙ্গ কমিটি (২০২৩-২০২৬)

সভাপতি: (১ জন)
**জনাব মো: আমিন উল আহসান (কামাল), (ব্যাচ ১৯৮৩)**

সহ-সভাপতি (সিনিয়র সহ-সভাপতিসহ): (৩ জন)
**১. জনাব মোঃ সাইফুজ্জাম পিন্টু, (ব্যাচ ১৯৮৫) সিনিয়র সহ-সভাপতি**
**২. জনাব আকতার আহমেদ বিপ্লব, (ব্যাচ ১৯৮৬), সহ-সভাপতি,**
**৩. জনাব আলী আশরাফুজ্জামান বাপ্পী, (ব্যাচ ১৯৮৭) সহ-সভাপতি**

সাধারণ সম্পাদক: (১ জন)
**ড. মোঃ আব্দুর রাজ্জাক, (ব্যাচ ১৯৯০)**

যুগ্ম সাধারণ সম্পাদক: (২ জন)
**১. জনাব মো: আনিসুর রহমান (আনিস), (ব্যাচ ১৯৯১)**
**২. জনাব আজিম-উল-আহসান (তমাল), (ব্যাচ ১৯৯৩)**

সাংগঠনিক সম্পাদক: (১ জন)
**জনাব মিঞা মো: মাহফুজুল করিম (মাহফুজ), (ব্যাচ ১৯৯৪)**

কোষাধ্যক্ষ: (১ জন)
**জনাব মোঃ রোকনউজ্জামান রুবেল, (ব্যাচ ১৯৯১)**

সাহিত্য ও প্রকাশনা সম্পাদক: (১ জন)
**জনাব আবুল বাশার নান্নু, (ব্যাচ ১৯৯১)**

সাংস্কৃতিক সম্পাদক: (১ জন)
**জনাব মো: মাসুদ রানা, (ব্যাচ ১৯৯২)**

আইসিটি সম্পাদক: (১ জন)
**জনাব মোঃ মেহেদী হাসান, (ব্যাচ ২০০৯)**

প্রচার ও জনসংযোগ সম্পাদক: (১ জন)
**জনাব মোঃ জামাল উদ্দিন (সুজন), (ব্যাচ ১৯৯৫)**

শিক্ষা, ক্রিড়া ও পাঠাগার সম্পাদক: (১ জন)
**জনাব মো: শামসুজ্জোহা পলাশ, (ব্যাচ ১৯৯০)**

দপ্তর সম্পাদক: (১ জন)
**জনাব মোছাঃ তানিয়া শার্মী বকুল, (ব্যাচ ১৯৯৬)**
নির্বাচিত নির্বাহী সদস্য: ১৪ জন (প্রাক্তন কমিটির সভাপতি এবং সদস্য সচিব সহ)

**১. জনাব তাহের আজাদ সেবী, (ব্যাচ ১৯৮২)**
**২. জনাব আবু মোহাম্মদ হাবিব শুভ্র, (ব্যাচ ১৯৮২)**
**৩. জনাব মোহাম্মদ আশরাফ হোসেন, (ব্যাচ ১৯৮৩)**
**৪. জনাব মোঃ মুজিবুল ইসলাম পিন্টু, (ব্যাচ ১৯৮৪)**
**৫. জনাব আখতার আনজাম হোসেন (ডন), (ব্যাচ ১৯৮৪)**
**৬. জনাব এস এম রবিউল আলম, (ব্যাচ ১৯৮৪)**
**৭. জনাব মোস্তাফিজুর রহমান ছবি, (ব্যাচ ১৯৮৭)**
**৮. জনাব কাজী মাসুদুর রহমান বিপ্লব, (ব্যাচ ১৯৮৯)**
**৯. জনাবা আফরোজা সোমা, (ব্যাচ ১৯৯৪)**

| | |
|---|---|
| | **১০. জনাব মোঃ আমিনুর রহমান মিলন, (ব্যাচ ১৯৯৫)**<br>**১১. জনাব মারতুজারুল ইসলাম কচি, (ব্যাচ ১৯৯৭)**<br>**১২. জনাব মো: মাহফুজুর রহমান (রাজু), (ব্যাচ ২০০০)**<br>**১৩. জনাব মোঃ ওবাইদুল মুর্শিদ সৈকত, (ব্যাচ ২০০৭)**<br>**১৪. ডা: নাজমুন নাহার তানিয়া, (ব্যাচ ২010)** |
| ৫. বিবিধ | ক) সোস্যাল মিডিয়া পেজ অথবা গ্রুপের অ্যাডমিন প্যানেল কিভাবে নির্ধারণ করা হবে এবং এটি ব্যবহারে সদস্যদের কী কী সতর্কতা অবলম্বন করতে হবে সে বিষয়ে একটি পৃথক নীতিমালা গঠনের সিদ্ধান্ত হয় এবং ড. মো. আব্দুর রাজ্জাক কে এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।<br><br>খ) নতুন সদস্যদের রেজিস্ট্রেশন এবং সুবর্ণজয়ন্তী ও প্রাক্তনীদের মিলন মেলা অনুষ্ঠানে অংশগ্রহনকারী বর্তমান সদস্যদের ২০২৩ সালের বার্ষিক চাঁদা প্রদানের জন্য পৃথক একটি অনলাইন পোর্টাল তৈরির সিদ্ধান্ত গৃহিত হয় এবং এ ব্যাপারে আইসিটি সম্পাদককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>গ) সভা শেষে নতুন কমিটি আহবায়ক কমিটির নিকট দায়িত্বভার গ্রহণ করলে আহবায়ক কমিটি বিলুপ্ত বলে গন্য হবে। অবিলম্বে নবনির্বাচিত নতুন কমিটির সভা আহবানের জন্য সভায় মত প্রকাশ করা হয়। |

অত:পর উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.০৬.২৩

মো. আমিন উল আহসান কামাল
সভাপতি
বার্ষিক সাধারণ সভা ২০২৩
ও
আহবায়ক
এনবিপিএম হাই স্কুল অ্যালমনাই অ্যাসোসিয়েশন